সভা নং-৩৫১

## বটিয়াঘাটা উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব হোসনে আরা তান্নি
প্রশাসক, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।
সভার তারিখ : ০৯/০১/২০২৫ খ্রি. সকাল ১০.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভাপতি ও উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ মাসের সভার কার্যক্রম শুরু করেন।<br>অতঃপর ডিসেম্বর ২০২৪ মাসের সভার কার্যবিবরনী পাঠ করা হয়। | ডিসেম্বর,২০২৪ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়ীকরন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা জানান। তিনি বলেন, আমরা অত্যন্ত আনন্দিত যে, আমরা তারুণ্যের উৎসবের মধ্যদিয়ে যাচ্ছি। ইতোমধ্যে ৬টি ইউনিয়নে অনুষ্ঠান শেষ হয়েছে। আজ বাকি একটি ইউনিয়নে উৎসব অনুষ্ঠিত হবে। ১৫ই জানুয়ারি ফাইনাল ইভেন্ট অনুষ্ঠিত হবে পুরস্কার বিতরনীর মাধ্যমিয়ে অনুষ্ঠান শেষ হবে। ১৬ তারিখ উপজেলা পরিষদ মাঠে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে। তিনি সকলের সহযোগীতা ও উপস্থিতি কামনা করেন।<br>অতঃপর তিনি দপ্তর ভিত্তিক আলোচনা করার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং দপ্তর প্রধানকে অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং দপ্তর প্রধানগণ তাদের দাপ্তরিক আলোচনা শুরু করেন। | সকল সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য সেবা স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, আমন ধান কাটার মৌসুম শেষ হয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। আগামী ১৮-২৩ জানুয়ারি সেবা সপ্তাহ পালন করা হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৬. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, যে সকল নৌকা মাছ ধরে তাদেরকে লাইসেন্সের আওতায় আনা হবে। যারা লাইসেন্সের আওতায় আসবে না তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। ইতোমধ্যে ১০০টি ট্রলারের লাইসেন্স দেওয়া হয়েছে। তিনি বলেন, জেলেদের প্রথম পর্যায়ে ৫২জনকে বকনা গরুর বাছুর বিনামূল্যে বিতরন করা হবে। তিনি আরো বলেন, | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | আগামী ১২জানুয়ারি থেকে দুইমাস বেহেন্দি জালের বিরুদ্ধে অভিযান করা হবে। জেলেদের ভিজিএফ চাল দুই ধাপে দেওয়া হয় প্রথম ধাপে ৫৬ কেজি এবং দ্বিতীয় ধাপে ৩০ কেজি চাল দেওয়া হয়। | | |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জনাব মোহাম্মদ তরিকুল ইসলাম সদ্য যোগদান করেছেন। তিনি নাজিরপুর উপজেলা থেকে অত্র উপজেলায় এসেছেন। দাপ্তরিক কাজে তিনি সকলের সহযোগীতা কামনা করেন। তিনি বলে তার দপ্তরে খাওয়ার পানির খুব সমস্যা তিনি একটি টিউবওয়াল স্থাপনের জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আরো বলেন, তার দপ্তরে এনিমেল সেড নির্মাণ করা জরুরী। তিনি একটি সেড নির্মাণ করার প্রস্তাব করেন। | সেড নির্মাণ করার বিষয়ে উপ: প্রকৌশলী ব্যবস্থা নিবেন।<br>টিউবওয়াল স্থাপনের বিষয়ে উপ: সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল, ব্যবস্থা নিবেন। | ক) উপজেলা প্রকৌশলী।<br>খ। উপ: সহকারী পকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে । তিনি বলেন,আমরা বই উৎসব করেছি। তিনি বলেন, কয়েকটি স্কুলের সীমানা প্রাচীর নির্মাণের বরাদ্দ এসেছে। সীমানা নির্ধারন করা না গেলে প্রাচীর নির্মাণ করা সম্ভব হচ্ছে না। তিনি আরো বলেন, যে কয়েকটা স্কুলের সীমানা প্রাচীর নির্মাণ করা হচ্ছে সেখানে কয়েকটি গাছ আছে সেগুলি অপসারন করা জরুরী। এছাড়া কয়েকটি স্কুলের গাছ ও রামভদ্রপুর স্কুলে নতুন ভবন মেরামতের জন্য একটি রুম নিলাম করা হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। স্কুলের সীমানা নির্ধারনের বিষয়ে নায়েব সাহেব এবং সার্ভেয়ার সরেজমিনে যেয়ে মাপকার্য করে সমাধান করবেন।<br>গাছ অপসারনের বিষয়ে ফরেষ্টার, সামাজিক বন বিভাগ বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | ক) উপজেলা শিক্ষা কর্মকর্তা।<br>খ) ফরেষ্টার, সামাজিক বন বিভাগ |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। তিনি বলেন, ৬ষ্ঠ,৭ম,৮ম শ্রেণির বই ও ৯ম শ্রেণির এক বিষয় বই এসেছে সে গুলি বিতরণ করা হয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, সামাজিক ভাতা কার্যক্রমের আওতায় ছাড় করণ করা হয়েছে। জানুয়ারি,২৫ মাসের মাসের মধ্যে যার যার হিসাবে জমা হবে।যাদের লাইভ ভেরিফিকেশন বাকি আছে তাদের টাকা জমা হবে না।তাদেরকে উপজেলা সমাজসেবা অফিসে এসে লাইভ ভেরিফিকেশ করাতে হবে। ভাতারকোট আশ্রায়ন প্রকল্পে ৫১টি পরিবারের মাঝে ঋন দেওয়া হয়েছিলো, সেগুলি খেলাপী হয়েছে। তারা অধিকাংশ সেখানে বসবাস করছে না। মাত্র একটি পরিবার আছে এবং কয়েকজন মারা গিয়েছে। তিনি ঋনের টাকা আদায়ের জন্য সেখানের পুকুর ইজারা দিয়ে টাকা সমম্বয় করার জন্য সভায় প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে । | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে।<br><br>তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের ও বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় উপস্থাপন করেন এবং অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি বলেন ২০১৮-১৯ অর্থ বছরে উন্নয়ন তহবিলের আওতায় একটি প্রকল্প ছিলো ১নং জলমা ইউনিয়নে গুরুমারী ব্রীজ হতে দাউনিয়াফাদ অভিমুখি আরসিসি ঢালাই করণ। কাজটি বাস্তবায়নে স্যালভেজ নির্ধাণ জনিত জটিলতার কারনে কাজটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এ বিষয়ে তিনি সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দেওয়ার জন্য তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি করার প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে ৭নং আমিরপুর ইউনিয়নের খারাবাদ আঃহাকিম হাফিজিয়া মাদ্রাসা ও এতিম খানা মাদ্রাসা মসজিদে ওজুখানা, টয়লেট ও প্রসাবখানা নির্মাণ, স্থানীয় মুসাল্লিদের আবেদনের প্রেক্ষিতে উক্ত কাজ সংশোধ করে বরাদ্দকৃত অর্থ একই রেখে খারাবাদ পূর্বপাড়া জহুরুল হক জামে মসজিদে ওজুখানা টয়লেট ও প্রসাবখানা নির্মাণ করার প্রস্তাত করেন। ১নং জলমা ইউনিয়নে, চক্রাখালী মেইন রাস্তা হতে সুভাষ দারোগা ও অজিত বিশ্বাসের বাড়ি পর্যন্ত ইট সোলিং রাস্তা সংস্কার প্রকল্প গৃহীত হয়েছিলো জনগুরুত্ব বিবেচনায় স্থানীয় সংরক্ষিত ইউপি সদস্য এর আবেদন করেছেন যে উক্ত রাস্তাটি সংস্কারের চেয়ে জলমা প্রতাপ মল্লিকের বাড়ি হতে সেতু মল্লিকের বাড়ি অভিমুখি নতুন ইটের সোলিং করা জরুরী। তিনি প্রকল্পটি সংশোধনের জন্য সভায় প্রস্তাব করেন। ৩নং গঙ্গারামপুর ইউনিয়নের একটি প্রকল্প ছিলো, কাশিয়ারডাঙ্গা মেইন রাস্তা হতে লোকমান হুজুরের বাড়ি হয়ে মাদ্রাসা পর্যন্ত ইটের সোলিং রাস্তা যা ইতোমধ্যে স্থানীয়ভাবে বাস্তবায়ন হয়ে গিয়েছে। জনগুরুত্ব বিবেচনায় স্থানীয় জনসাধারণের আবেদনের প্রেক্ষিতে উক্ত বরাদ্দ দিয়ে কাশিয়ারডাঙ্গা হামিউদসুন্নাহ মাদ্রাসায় উন্নয়ন কাজ বাস্তবায়নের প্রস্তাব করেন।<br><br>তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন ও বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং তিনি প্রাক্কলনসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের ব্যবহারের জন্য ফটোকপিয়ার মেসিন ও একটি কম্পিউটার ক্রয় জরুরী। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের টু এন্ড ই খাত হতে ক্রয়ের জন্য সভায় প্রস্তাব করেন। | ক) ২০২৪-২৫ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে প্রাপ্ত কমিটিসমূহ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। কমিটি পরিশিষ্ট-খ মোতাবেক।<br>খ) সভায় আলোচনান্তে গুরুমারী ব্রীজ হতে দাউনিয়াফাদ অভিমুখি আরসিসি ঢালাই করনের স্যালভেজের বিষয়ে সরেজমিনে তদন্ত করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়, কমিটি আগামী সভার পূর্বে তদন্ত প্রতিবেদন দিবেন।<br>১)উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-সভাপতি।<br>২ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান-সদস্য<br>৩)সংশ্লিষ্ট উপ:সহ:প্রকৌশলী, এলজিইডি-সদস্য<br>উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>গ) জনগুরুত্ব বিবেচনায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়, ১)৭নং আমিরপুর ইউনিয়নের খারাবাদ আঃহাকিম হাফিজিয়া মাদ্রাসা ও এতিম খানা মাদ্রাসা মসজিদে ওজুখানা, টয়লেট ও প্রসাবখানা নির্মাণ, স্থানীয় মুসাল্লিদের আবেদনের প্রেক্ষিতে উক্ত কাজ সংশোধ করে বরাদ্দকৃত অর্থ একই রেখে খারাবাদ পূর্বপাড়া জহুরুল হক জামে মসজিদে ওজুখানা টয়লেট ও প্রসাবখানা নির্মাণ। ২) ১নং জলমা ইউনিয়নের কাজটি সংশোধন করে, প্রতাপ মল্লিকের বাড়ি হতে সেতুমল্লিকের বাড়ি অভিমুখি নতুন ইটের সোলিং করন। | ক) উপজেলা প্রকৌশলী।<br>খ) সংশ্লিষ্ট কমিটি।<br>৩)ফরেষ্ঠার সামাজিক বন বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | গ) ৩নং গঙ্গারামপুর ইউনিয়নের কাশিয়ারডাঙ্গা হামিউসসুন্নাহ মাদ্রাসার উন্নয়ন কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ) সভায় আলোচনান্তে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন করা হয়। পরিশিষ্ট-গ।<br>ঙ) সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের ব্যবহারের জন্য একটি ফটোকপিয়ার মেসিন ও একটি কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | |
| ১৪. | উপ: সহকারী পকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল | উপ: সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহকারী পকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৮. | ফরেস্টার সামাজিক বণবিভাগ | ফরেস্টার সামাজিক বণ বিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | প্যানেল চেয়ারম্যান ১নং জলমা ইউপি জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, চৈতনাবাজার থেকে আলাইপুর বাজার কাজ বাস্তবায়ন হচ্ছে না খুব জন দুর্ভোগ হচ্ছে তিনি রাস্তাটি দ্রুত বাস্তবায়নের জন্য সভার মাধ্যমে অনুরোধ করেন। তিনি আরো বলেন, বড় বড় অনেক গাছ সংগ্রহ করে জড়ো করে রাখা হয়েছিল যে গুলি চুরি হয়ে যাচ্ছে। গাছগুলি নিলামের জন্য তিনি প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। রাস্তাটি দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী ব্যবস্থা নিবেন। বড় বড় গাছ গুলি নিলামের বিষয়ে ফরেস্টার সার্ভেয়ার দল নিয়োগ দিয়ে বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান ১নং ইউপি |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান ২নং বড়িয়াখাড়ি ইউপি সভায় তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং শাহজাদপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, তার ইউনিয়নের টিন বরুনপাড়া আশ্রয়ন প্রকল্পে ৪০টি পরিবার বসবাস করছে। ঘরগুলি খুবই জরাজীর্ণ হয়ে পড়েছে। সংস্কার না হলে তারা বসবাস করতে পারছে না। তিনি ইউনিয়ন পরিষদ ১% ভূমি হস্তান্তর কর তহবিল হতে ৪০টি পরিবারের ঘর মেরামত করে দেওয়ার প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। টিন বরুনপাড়া আশ্রয়ন প্রকল্পে ৪০টি পরিবারের ঘর মেরামতের বিষয়ে উ: প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান ৩নং ইউপি |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুবর্ণী ইউপি সভায় বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | প্যানেল চেয়ারম্যান,৫নং তারাকান্দি ইউপি সভায় জানান, তার ইউনিয়নের তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | প্যানেল চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | প্যানেল চেয়ারম্যান ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি প্যানেল চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তার ইউনিয়নে আজকে তারুণ্যের উৎসব হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | প্যানেল চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার গ্রাম আদালতকে শক্তিশালী করার জন্য ইউপি চেয়ারম্যানগণ আরো স্বচ্ছতার কাজ করার জন্য অনুরোধ করেন। তিনি সপ্তাহে নির্ধারিত ১দিন গ্রাম আদালত করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। উক্ত আদালত হতে যে সকল অভিযোগের বিষয়ে নিষ্পত্তি বা তদন্তের জন্য প্রেরণ করা হয় সেগুলি গুরুত্বের সাথে বিবেচনার জন্য সকল ইউ.পি | প্রতি সপ্তাহের বুধবার গ্রাম আদালত পরিচালনার জন্য সকল ইউপি চেয়ারম্যান একমত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত আদালত হতে যে সকল অভিযোগের বিষয়ে | উপজেলা নির্বাহী অফিসার। উপজেলা প্রকৌশলী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br><br>তিনি বলেন, জন্ম-মৃত্যু নিবন্ধন লক্ষমাত্রা অনুযায়ী কাজ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br><br>উপজেলা পরিষদ কম্পেক্সের মধ্যে উপজেলা যুব উন্নয়ন অফিস,উপজেলা বিআরডিবি অফিসের পানির লাইনের অবস্থা খুবই খারাপ দ্রুত মেরামত করা প্রয়োজন। মেরামত করা না হলে উক্ত দপ্তরে পানি ব্যবহার করতে পারছে না।<br><br>উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা পরিষদ পুরাতন ইউডিসি ভবনে বর্তমানে সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয় হিসেবে ব্যবহার হচ্ছে। ছাদের অবস্থা খুবই নাজুক ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। যে কোন সময় বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। তিনি ছাদটি পুণঃনির্মণের জন্য নিলাম করার প্রস্তাব করেন এবং ছাদের উপর একটি টাওয়ার আছে সেটাও নিলাম করার প্রস্তাব করেন। | নিস্পত্তি বা তদন্তের জন্য প্রেরণ করা হয় সেগুলি গুরুত্বের সাথে বিবেচনার জন্য এবং জন্ম-মৃত্যু নিবন্ধন লক্ষমাত্রা অনুযায়ী কাজ করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।<br><br>উপজেলা পরিষদ কম্পেক্সের মধ্যে উপজেলা যুব উন্নয়ন অফিস,উপজেলা বিআরডিবি অফিসের পানির লাইন মেরামত বাবদ ২৫হাজার টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়ের ছাদ এবং টাওয়ার নিলামের বিষয়ে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

০১/১২/২০২৫

(হোসনে আরা তান্নি)
প্রশাসক
উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।



CamScanner

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২৪-৮৪ তারিখ ঃ ০৯ /০১/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

২। জেলা প্রশাসক, খুলনা ।

৩। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৪। উপজেলা......................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।

৫। চেয়ারম্যান,................................ ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা ।

৯/১/২০২৫

(হোসনে আরা তান্নি)
উপজেলা নির্বাহী অফিসার
বটিয়াঘাটা, খুলনা ।
টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব দেবব্রত মল্লিক, প্যানেল চেয়ারম্যান ১নং জলমা ইউপি।
২. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৩. জনাব আসলাম হাওলাদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৪. জনাব জাকির হোসেন লিটু,চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি।
৫. জনাব মো : কবির আকুঞ্জি,প্যানেল চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট ইউপি।
৬. জনাব শেখ মো : সেলিম রেজা হাওলাদার, প্যানেল চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৭. জনাব কৌশিক পাল , প্যানেল চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি।
৮. জনাব ডা : মোঃ ওয়াহিদুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স।
৯. জনাব ডাঃ মোহাম্মদ তারিকুল ইসলাম, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা।
১০. জনাব মো : সেলিম সুলতান, সিনি : উপজেলা মৎস্য কর্মকর্তা।
১১. জনাব মো : আবু বক্কর সিদ্দিক, উপজেলা কৃষি অফিস।
১২. জনাব সজল চক্রবর্তী, উপজেলা পঃপঃ কার্যালয়।
১৩. জনাব সুলতানা নাসরিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৪. জনাব জিএম আলমগীর কবির, উপজেলা শিক্ষা অফিসার।
১৫. জনাব গৌতম কুমার মন্ডল, উপজেলা প্রকৌশলী।
১৬. জনাব শরীফ মো : রুবেল, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ।
১৭. জনাব অঞ্জনা বিশ্বাস, উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়।
১৮. জনাব শহিদুর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
১৯. জনাব সরদার আলী আহসান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা।
২০. জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা।
২১. জনাব রুনা আক্তার সুমি, উপ :সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২২. জনাব জাহিদুর রহমান , উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।
২৩. জনাব মো : আবুবক্কর মোল্লা, উ :যুব উন্নয়ন কর্মকর্তা।



CamScanner